

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
 জাতীয় রাজস্ব বোর্ড

(শুল্ক)

প্রজ্ঞাপন

তারিখ : ২৭ জ্যৈষ্ঠ, ১৪১৭ বঙ্গাব্দ/১০ জুন, ২০১০ খ্রিস্টাব্দ।

এস,আর,ও নং ১৯৪-আইন/২০১০/২৩১২/শুল্ক।-The Customs Act, 1969 (IV of 1969) এর section 19 এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ (১) এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, বাংলাদেশে চলাচলকারী বিভিন্ন দেশের বিমান সংস্থা কর্তৃক আমদানিতব্য নিম্নের পণ্যের তালিকায় বর্ণিত পণ্য সামগ্ৰীকে উহার উপর আরোপনীয় সমুদয় আমদানি শুল্ক, সম্পূরক শুল্ক (যদি থাকে) ও মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অব্যাহতি প্রদান কৰিল, যথা :-

শর্ত :

- ১। শুধুমাত্র বাংলাদেশে চলাচলকারী ভিন্ন দেশের বিমান সংস্থা কর্তৃক আমদানিয় পণ্য এই প্রজ্ঞাপনে বর্ণিত সুবিধা পাইবে;
- ২। বাংলাদেশ সরকারের সাথে সংশ্লিষ্ট বিদেশী রাষ্ট্রের বিমান চলাচল সম্পর্কিত দ্বিপক্ষিক চুক্তিতে (Air Service Agreement) স্বাক্ষরিত কর মওকুফের বিষয়ে যেই প্রকারে ও যেই সীমা পর্যন্ত উল্লিখিত থাকিবে তাহার অতিরিক্ত নহে; এবং
- ৩। এই প্রজ্ঞাপনের আওতায় আমদানিকৃত পণ্য সামগ্ৰী প্রতিষ্ঠানের নিজের কাজে ব্যবহৃত হইবে মৰ্মে ভিন্ন দেশের বিমান সংস্থাকে বেসরকারী বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব পদমৰ্যাদার নিম্নে নহেন এমন কৰ্মকর্তাৰ নিকট হইতে পরিশিষ্ট-১ মোতাবেক একটি প্রত্যয়নপত্র সংশ্লিষ্ট শুল্ক ভবনের কমিশনারের নিকট দাখিল কৰিতে হইবে।

পণ্যের তালিকা

- (১) Promotional items : লোগো, লোগো সম্বলিত নিজস্ব ষ্টেশনারী, প্রচারমূলক পুস্তিকা, ব্যানার, লিফলেট;

- (২) Revenue documents : টিকেট, বোর্ডিং পাস, Excess Baggage Ticket (EBT), ট্যাগ, টাইম-টেবিল, এয়ার ওয়েবিল;
- (৩) বিনামূল্যে বিতরণের জন্য উপহার সামগ্রী (Gift items) : ক্যালেন্ডার, ডায়েরী, লোগো সম্বলিত ঘড়ি, মগ, প্লাস, চাবির রিং, মিনি শো-পিস (রেপলিকা)-প্রতিটি বাংসরিক ৫০০ (পাঁচ শত) পিস এর অধিক নহে;
- (৪) Commucational equipments: Computer Reservation System (CRS), Sita tex Machine, Fax Machine, Walkie-talkie, Computer, Line Printers /Printer, Display unit;
- (৫) লোগো সম্বলিত Catering equipment stocks;
- (৬) স্টাফ ইউনিফর্ম।

পরিশিষ্ট-১

প্রত্যয়ন পত্র

এই মর্মে প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স -----বাংলাদেশ
সরকারের সহিত বিমান চলাচল সম্পর্কিত দ্বিপাক্ষিক চুক্তিতে আবদ্ধ (Air Service
Agreement) একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং -----তারিখ -----
-----, বিএল নম্বর/ এয়ার ওয়েবিল/ ট্রাক রিসিপ্ট নং- -----তারিখ -----
----- এ উলিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত পণ্য সামগ্রী প্রতিষ্ঠানের
নিজস্ব কাজে ব্যবহৃত হইবে।

যুগ্ম-সচিব
বেসামরিক বিমান পরিবহন ও
পর্যটন মন্ত্রণালয়।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-
(হুসেইন আহমেদ)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)।